পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানকে রাষ্ট্রপতির অভিনন্দন



ছবি: সংগৃহীত

জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন।

বুধবার (৩ জুন) দেওয়া এক বার্তায় রাষ্ট্রপতি এ অর্জনকে দেশের জন্য গৌরবের বলে উল্লেখ করেন। তিনি এই সাফল্যের জন্য বর্তমান সরকার, নির্বাচিত পররাষ্ট্রমন্ত্রী, দেশের কূটনীতিকরা এবং জনগণকে শুভেচ্ছা জানান।

রাষ্ট্রপতি একই সঙ্গে বাংলাদেশের প্রতি আস্থা ও সমর্থন জানানো জাতিসংঘের সকল সদস্য রাষ্ট্রের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

তিনি বলেন, এ ধরনের অর্জন আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশের অবস্থান ও মর্যাদাকে আরও শক্তিশালী করবে।

উল্লেখ্য, মঙ্গলবার (২ জুন) জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে ভোটাভুটিতে সাইপ্রাসের প্রার্থী আন্দ্রেয়াস এস কাকোরিসকে পরাজিত করে নির্বাচিত হন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। মোট ১৯০টি সদস্য রাষ্ট্র ভোটে অংশ নেয়। এতে ড. খলিলুর রহমান পান ৯৯ ভোট, আর সাইপ্রাসের প্রার্থী পান ৯১ ভোট।